

প্রবাসী নাট্য নির্মাতা ফরহাদ হোসেনের নাটক প্রচারিত হবে বিশ্ব ভালোবাসা দিবসে



উত্তর আমেরিকায় বসবাসরত চিত্রনাট্যকার ও নির্মাতা ফরহাদ হোসেনের নাটক এবার প্রচারিত হবে বাংলাদেশের দুটি চ্যানেলে ভালোবাসা দিবসের বিশেষ নাটক হিসেবে।

Farhad Hossain of Chicago Bioscope
Script writer/director/executive producer

আরটিভিতে প্রচারিত হবে সেলিম ও রোজী অভিনীত ‘মোমের আলোয় অপলার স্বপ্ন’- ফরহাদ হোসেনের কাহিনী, চিত্রনাট্য ও সংলাপ রচনায় আরটিভির ভালোবাসা দিবসের বিশেষ নাটক ‘মোমের আলোয় অপলার স্বপ্ন’ যার প্রধান দুটি চরিত্রে অভিনয় করেছেন বাংলাদেশের বিশিষ্ট অভিনেতা শহীদুজ্জামান সেলিম ও প্রবাসের অভিনেত্রী সালমা রোজী। নাটকটি যৌথভাবে পরিচালনা করেছেন ফরহাদ হোসেন ও শহীদুজ্জামান সেলিম। শিকাগো বায়স্কোপ এর ব্যানারে নির্মিত নাটকটির সম্পূর্ণ চিত্রায়ন হয়েছে শিকাগোর বিভিন্ন লোকেশনে। কোন এক সুন্দর সকালে হাসানের (শঃ সেলিম) ঘুম ভাঙে তার অবহেলায় ও অবজ্ঞায় দু বছর আগে চলে যাওয়া স্ত্রী অপলার (সালমা রোজী) ফোনে। অপলা শহরে আসে অফিসের কাজে এবং হাসানকে জানায় সে দেখা করতে চায়। হাসান আনন্দিত হয় এবং ভাবে অপলা তাহলে সত্যিই এবার তার কাছে ফিরে আসবে। সে অপলার জন্যে আয়োজন করে স্পেশাল ক্যান্ডেললাইট ডিনার। রোমান্টিক ধাচের নাটক ‘মোমের আলোয় অপলার স্বপ্ন’ প্রচারের পূর্বে নাটকটি নির্মাণের প্রেক্ষাপট নিয়ে নাট্যকার ফরহাদ হোসেনের একটি সাক্ষাতকারও প্রচারিত হবে আরটিভিতে।





‘মোমের আলোয় অপলার স্বপ্ন’ নাটকের বিভিন্ন দৃশ্যে শহীদুজ্জামান সেলিম ও সালমা রোজী

এটিএন বাংলায় প্রচারিত হবে সুবর্ণা ও ফরীদি আভিনীত ‘রোদেলা বিকেল’-

অনেকদিন পর হুমায়ূন ফরীদি ও সুবর্ণা মুস্তাফা জুটিবদ্ধ হয়ে অভিনয় করলেন। ভালোবাসা দিবস উপলক্ষে নির্মিত ‘রোদেলা বিকেল’ নাটকে আবার তারা জুটিবদ্ধ হয়ে অভিনয় করলেন। সেরাফিন ও জোয়াকিন আলভেরেজ কেশ্তেরো’র ‘এ সানি মর্নিং’ অবলম্বনে আনিসুল হকের অনুবাদনাটকটির পরিকল্পনা ও চিত্রনাট্য করেছেন ফরহাদ হোসেন। পরিচালনায় শহীদুজ্জামান সেলিম। নির্মিত হয়েছে ড্রীম ফ্যাক্টরীর ব্যানারে। রোমান্টিক কমেডি ধাচের নাটকটিতে দেখা যাবে সৌখিন ভদ্রমহিলা গুলনাহারের সঙ্গে সম্ভ্রান্ত ভদ্রলোক হায়দার আলীর বেরসিক ভাবে পরিচয় হয়। পরিচয়ের সূত্র ধরে পরস্পরের সামনে উন্মোচন করেন তাদের প্রেমময় ও বিষাদময় অতীতের কথা। যৌবনে তারা পরস্পরের খুব কাছাকাছি ছিলেন। দীর্ঘ বিচ্ছেদের পর পার্কে কাকতালীয় ভাবে তাদের মিলন ঘটে এবং বিচ্ছেদের প্রকৃত ঘটনাটি প্রকাশ পায়।



Subarna & Faridee in a special TV play 'Rodela Bikel'

হুমায়ূন ফরীদি ও শহীদুজ্জামান সেলিম আমেরিকা আসছেন-

নির্মাতা ফরহাদ হোসেনের একটি ১৩ পর্বের ধারাবাহিক, একটি টেলিফিল্ম ও দুটি এক ঘণ্টার নাটকে অভিনয়ের জন্যে বাংলাদেশের বিশিষ্ট অভিনেতা হুমায়ূন ফরীদি ও শহীদুজ্জামান সেলিম আমেরিকায় আসছেন। আগামী এপ্রিলের শেষ সপ্তাহ থেকে মে মাসের তৃতীয় সপ্তাহ পর্যন্ত সবগুলো নাটকের শুটিং হবে শিকাগো, ডালাস ও ফ্লোরিডার বিভিন্ন মনোরম লোকেশনে। বাংলাদেশ থেকে সুবর্ণা মুস্তাফার আসার সম্ভাবনা আছে সেই সাথে প্রবাসের অভিনেত্রী সালমা রোজীও অভিনয় করবেন। প্রতিটি নাটক নির্মিত হবে শিকাগো বায়স্কোপের ব্যানারে। সহযোগিতায় ড্রীম ফ্যাক্টরী বাংলাদেশ।